দর্শনায় আলোচিত ইয়াবা সম্রাট শাহজান খোড়া গ্রেফতার

দর্শনা থানা পুলিশের মাদক বিরোধী বিশেষ অভিযানে দর্শনা আকন্দবাড়িয়ার আলোচিত ইয়াবা সম্রাট শাহজান খোড়া (৪৭) কে গ্রেফতার করেছে। সেই সাথে গ্রেফতারকৃত আসামীর দখল হতে উদ্ধার করা হয়েছে মাদকদ্রব্য ইয়াবা।

পুলিশ জানায়, শুক্রবার সন্ধ্যা সোয়া ৭টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ, এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এসআই মাসুদ রানা, এএসআই আনোয়ারুল হক, এএসআই শাহিন আলম, এএসআই কাজী আব্দুল মান্নান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়ীয়া গ্রামে পরিচালনা করে।

এসময় ২২ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার সহ এলাকার আলোচিত ইয়াবা সম্রাট শাহজাহান আলী ওরফে শাহজান খোড়াকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামী চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন আকন্দবাড়ীয়া গ্রামের মাঝপাড়ার
মৃত আব্দুল কাদেরের ছেলে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু প্রক্রিয়াধীন রয়েছে।

মুজিবনগরে স্ত্রীর মামলায় স্বামী আটক

মুজিবনগরে সিআর মামলার সাজাপ্রাপ্ত পালাতক আসামী সুমন আলীকে আটক করেছে পুলিশ।মঙ্গলবার দিবাগত রাত সাড়ে বারোটার দিকে তার নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়।
সিআর মামলার সাজাপ্রাপ্ত পালাতক আসামী সুমন আলী মুজিবনগর উপজেলার

মোনাখালী উত্তরপাড়ার সিরাজুল ইসলামের ছেলে।
মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, সুমন একজন সিআর ভূক্ত আসামী। দির্ঘদিন ধরে সে পালাতক রয়েছে।মঙ্গলবার দিবাগত রাত সাড়ে বারোটার দিকে মুজিবনগর থানার টহল টিম তাকে তার নিজ বাড়ির গরুর ফার্মে থেকে আটক করে।
এ সময় এসআই আরিফুল ইসলামসহ সঙ্গীয় ফোর্স উপস্থিত ছিলেন।
এদিকে মঙ্গলবার সকালে তাকে আদালতের মাধ্যেমে জেল হাজতে প্রেরন করা হবেও বলে জানান পুলিশ।

আলমডাঙ্গায় পিতার বাড়িতে গলায় ফাঁস দিলেন মেয়ে

আলমডাঙ্গার গোবিন্দপুর মাঠপাড়ায় পিতার বাড়িতে গলায় ওড়নার ফাঁস লাগিয়ে এক গৃহবধূ আত্নহত্যা করেছে। রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে ঘটনাটি ঘটে। গৃহবধূ উপজেলার জেহালার পারকেষ্টপুর গ্রামের মুনসুর আলির স্ত্রী। এ ঘটনায় ওই গৃহবধূর পিতা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় অপমৃত্যুর মামলা দায়ের করেন।

জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকার গোবিন্দপুর মাঠপাড়ায় আব্দুল খালেকের মেয়ে রিক্তা খাতুন (২৫) গত কয়েক বছর পূর্বে উপজেলার জেহালা ইউনিয়নের পারকেষ্টপুর গ্রামের মুনসুর আলির সাথে বিবাহ হয়।

বিবাহের পর তাদের সাংসারিক ঝামেলার কারণে পিতার বাড়িতে অবস্থান করে রিক্তা। রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে গোবিন্দপুর মাঠপাড়ায় পিতার বাড়িতে ওড়না পেঁচিয়ে আত্নহত্যা করে।

মহেশপুরে পুলিশের হাতে ১কেজি গাঁজাসহ আটক ১

ঝিনাইদহের মহেশপুরে গতকাল শনিবার আনুমানিক ১১টার সময় পুলিশের মাদকদ্রব্য অভিযানে ১ কেজি গাঁজাসহ ১জনকে আটক করেছে মহেশপুর থানা পুলিশ।
থানা সূত্রে জানাযায়, গোপন তথ্যের ভিত্তিতে অতিরিক্ত পুলিশ সুপার,কোটচাঁদপুর সার্কেল মোঃ মোহাইমিনুল ইসলাম এর দিকনির্দেশনায়, মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ সাইফুল ইসলামের নেতৃত্বে থানা পুলিশের একটি চৌকশ দল মাদকদ্রব্য উদ্ধারের লক্ষ্যে অভিযান পরিচালনা করে। এসময় পৌরসভা এলাকার বৈচিতলা গ্রামের পাকড়াতলা নামক স্থান থেকে ১ কেজি গাঁজাসহ এক জনকে আটক করে পুলিশ।
আটককৃত সাইফুল ইসলাম (৩২) উপজেলার ফতেপুর গ্রামের আসাদুল ইসলামের ছেলে। মাদকদ্রব্য নিয়োন্ত্রণ আইনে তার বিরুদ্ধে মহেশপুর থানায় নিয়মিত মামলা করা হয়েছে বলে ওসি জানান।

গাংনীতে ইয়াবাসহ ২ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে ৬০ পিস ইয়াবাসহ মোঃ আলফাজ আলী
(৪০) ও মোঃ ইমরান হোসেন (২২) ইমরান নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

শুক্রবার বিকেল ৫টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর আলম বাজার এলাকা থেকে তাদেরকে আটক করা হয়।

আলফাজ আলী গাংনী উপজেলার কাজীপুর মধ্যপাড়ার মোঃ সেন্টু আলীর ছেলে এবং ইমরান হোসেন একই এলাকার মোঃ আছিম উদ্দিনের ছেলে।

জানা গেছে গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবি পুলিশের এসআই অজয়

কুমার কুন্ডুর নেতৃত্বে এসআই বিশ্বজিৎ সরকার সহ সঙ্গীয় ফোর্স নিয়ে কাজীপুর আলম বাজার এলাকায় অভিযান চালায়।

এ সময় আলফাজ আলী ও ইমরান হোসেন কে আটক করার পর তার কাছ থেকে ৬০ পিস ইয়াবাসহ তাদের আটক করে। এ ঘটনায় গাংনী থানায় একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

১নং আসামী আলফাজের বিরুদ্ধে ৮টি এবং ইমরানের বিরুদ্ধে আরও ২টি মামলা আদালতে বিচারাধীন আছে।

চুয়াডাঙ্গা সড়ক পরিবহন আইনে মামলা জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদরের বিজিবি ক্যাম্প সংলগ্ন জাফরপুর বাজারের অদূরে ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করা হয়েছে।

শুক্রবার বেলা সাড়ে চার সময় এ অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারি কমিশনার মোঃ তারিক হোসেন।

এসময় সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সড়ক পরিবহন ২০১৮ আইন অনুসারে হেলমেট না থাকা ড্রাইভিং লাইসেন্স না থাকা ও ফিটনেস বিহিন গাড়ির বিরুদ্ধে ৯ টি মামলার মাধ্যমে পাঁচ হাজার টাকা জরিমানা আদায় করে।

এ সময় তিনি সকল মোটরসাইকেল ড্রাইভারদের হেলমেট পরিধান করে গাড়ি চালানোর জন্য সকলকে সচেতনতা মূলক বক্তব্য প্রদান করেন ও আহ্বান জানান।

মোবাইল কোর্ট পরিচালনায় সার্বিকভাবে সহযোগিতা করে বাংলাদেশ আনসার ভিডিপি একটি চৌকস দল। জনস্বার্থে এই অভিযান চলতে থাকবে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের এই এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট।

শৈলকুপায় বিয়ে বাড়িতে সাউন্ড বক্স বাজানো নিয়ে সংঘর্ষে ১৫ জন আহত

ঝিনাইদহের শৈলকুপার ফুলহরি ইউনিয়নের ভগবাননগর গ্রামে বিয়ে বাড়িতে সাউন্ড বক্স বাজানোকে কেন্দ্র করে দু-গ্রুপের সংঘর্ষে অন্তত ১৫ জন আহত হয়েছে। শুক্রবার ১০ ডিসেম্বর সকাল সাড়ে ১০ টার দিকে এ ঘটনা ঘটে। আহতদের মধ্যে ১২ জনকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। হাসপাতালে ভর্তি আহত ব্যক্তিরা হলেন খবির, মজিব , সফিউল, মোদাশ্বের মোল্লা, ফরিদা, সহিদুল, আসিব, ফিরোজা,মিন্টু, ফজলু এবং মিজানুর।

আহত ব্যক্তিরা জানানা, ওই গ্রামের শাকিল হোসেনের বাড়িতে বিয়ের অনুষ্ঠান চলছি। সেসময় ওই বাড়িতে উচ্চ স্বরে মাইক বাজানো জন্য খুবই সমস্যা হচ্ছিল।

দিনের বেলায়ও এমন উচ্চস্বরে মাইক বাজালে ফিরোজ হোসেন শাকিলকে মাইক বাজাতে নিষেধ করলে শাকিল এর লোকজন ফিরোজের সাথে তর্কে জড়িয়ে পড়ে। এর এক পর্যায়ে শাকিল এর লোকজন ফিরোজ কে মারতে থাকে এ সময় আমরা তাকে ঠেকাতে গেলে আমাদের কেউ মারধর করে তারা।

এ বিষয়ে জানতে চাই শাকিল এর মোবাইল ফোনে যোগাযোগ করা হলে ফোন বন্ধ পাওয়া যায়।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি রফিকুল ইসলাম জানান, গতকাল উপজেলার ভগবাননগর গ্রামের শাকিল হোসেনের বাড়িতে বিয়ের অনুষ্ঠান চলছি। সেসময় ওই বাড়িতে উচ্চ স্বরে মাইক বাজানো হলে প্রতিবেশী ফিরোজ হোসেন নিষেধ করলে তাদের মধ্যে কথা কাটাকাটি হয়। তারই জের ধরে আজ শুক্রবার সকালে উভয় পক্ষের লোকজন দেশীয় অস্ত্র শস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে উভয় পক্ষে লোকজন আহত হয়। পরিস্থিতি এখন শান্ত রয়েছে। এ ব্যাপারে থানায় এখন পর্যন্ত কোন মামলা হয়নি। মামলা হলে আইন গত ব্যবস্থা নেওয়া হবে।

আলমডাঙ্গায় নিখোঁজের পর পরিত্যক্ত পুকুরে মিললো শিশুর লাশ, হত্যার অভিযোগ

কানের দুল চুরি করাকে কেন্দ্র করে মরিয়ম নামের এক শিশুকে হত্যা করে পানিতে ফেলে দেওয়ার অভিযোগ উঠেছে। ঘটনাটি বৃহস্পতিবার আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের মাদারহুদা উত্তরপাড়ায় এ ঘটনাটি ঘটে।

এ ঘটনায় পুলিশ শিশুর লাশ উদ্ধার করে পোস্টমর্টেম রিপোর্টের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠায়। শিশু মহিয়ম হত্যার ঘটনায় এলাকাজুড়ে শোকের ছায়া নেমে আসে। ছোট মেয়েকে অকাল মৃত্যুতে মোর্চা যাচ্ছে তার মা।

এলাকাসূত্রে জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের মাদারহুদা উত্তরপাড়ার কৃষক খাইরুল ইসলামে ৩ সন্তানের ছোট মেয়ে মরিয়ম। শিশুটি মাদারহুদা প্রাথমিক বিদ্যালয়ের ১ম শ্রেণীর ছাত্রী।

বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে বন্ধুদের সাথে বাড়ির পাশে খেলা করছিলো শিশু মরিয়ম। দুপুরে গোসলের জন্য তার মা তাকে খুঁজতে থাকে। খুঁজে না পেলে এলাকার সাধারণ মানুষ মাঠ, বাগান ও বিভিন্ন এলাকায় খোঁজ করলেও তার কোন সন্ধান পাওয়া যায় না। দুপুর থেকে বিকেল পার হলেও শিশুর সন্ধান না পাওয়ায় এলাকার মসজিদে শিশু মরিয়মকে খুঁজে পাওয়া যাচ্ছে এমন সংবাদ প্রচার করা হয়।

এ খবর পেয়ে গ্রামবাসী বিভিন্ন পুকুরে শিশুর খোঁজে জাল দিয়ে ও পানিতে ডুব দিয়ে খুজতে থাকে। এসময় পুকুরের পানিতে ডুবন্ত অবস্থায় রওশন আরা নামের শিশু মরিয়মের চাচির পায়ে বাঁধে। শিশু মরিয়মকে পানিতে তুলে আনলে এলাকাজুড়ে হৈচৈ সৃষ্টি হয়।

শিশু মরিয়মের দাদি জানায়, মরিয়ম নিখোঁজ হওয়ার পূর্বে তার কানে স্বর্ণের দুল ছিলো। লাশ উদ্ধারের পর তার কানে কোন দুল পাওয়া যায়নি।

তিনি আরো বলেন, আমার নাতনিকে কেনো কানের দুলের জন্য হত্যা করা হলো। অপহরণ করলেও তো জমি জায়গা বিক্রয় করে আমার নাতনিকে ছাড়িয়ে নিয়ে আসতাম।

রওশন আরা বলেন, বিকেলে গ্রামের অনেক লোকজন মিলে পুকুরের পানিতে খুঁজতে নামি। পুকুরের পানিতে হাটতে হাটতে পায়ে বাধে।তুলে দেখি মরিয়মের মৃত দেহ।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, রাতে একটি পুকুর থেকে মরদেহটি উদ্ধার করে পুলিশ। পরিবারের দাবি কানে মরিয়মের কানে স্বর্ণের দুটি দুল পাওয়া যায়নি। সুরতহাল প্রতিবেদন শেষে ময়নাতদন্তের জন্য শুক্রবার সকালে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে প্রেরণ করা হবে। এঘটনায় এখনো পর্যন্ত অভিযোগ পাইনি। ইতিমধ্যে বিষয়টি নিয়ে মাঠে নেমেছে পুলিশ।

মুজিবনগরে গাঁজা ও ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মাদক বিরোধী অভিযানে ফেনসিডিল ও গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।গত বুধবার দিবাগত রাত্রে পৃথক পৃথক অভিযানে মাদক সহ দুজনকে আটক করা হয়।
মুজিবনগর থানার ইনচার্জ (ওসি)আব্দুল হাশেম বলেন, বুধবার দিবাগত রাতে তারানগর কবরস্হান মোড়ে মাদক ব্যাবস্যায়ীরা মাদক বিক্রয়ের উদ্যশ্যে অবস্হান করছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে আমার নির্দেশে রাত ৯ টার দিকে এস আই ইকবাল, এসআই প্রসেনজিৎ, এসআই নাজমুল এর নেতৃত্বে সঙ্গীয় ফোর্স তারানগর কবরস্থান মোড়ে অভিযান চালিয়ে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার হুদা পাড়া গ্রামের মৃত মেঘা কোয়েল এর ছেলে হক সাহেব (৩৫)কে ৩১ বোতল ফেনসিডিলসহ হাতেনাতে আটক করা হয়।
একইভাবে গোপন সংবাদের ভিত্তিতে তারানগর গ্রামে মাদক বিক্রিয় হচ্ছে, এমন খবরে এসআই সুভাষ, এসআই প্রসেনজিৎ, এএসআই নাজমুল এর নেতৃত্বে সঙ্গীয় ফোর্স রাত সাড়ে বারোটার দিকে জয়পুর চৌরাস্তার মোড়ে অভিযান চালিয়ে মুজিবনগর থানার জয়পুর গ্রামের শহিদুল ইসলামের ছেলে লিটন (২৮)কে ৫০০ গ্রাম গাঁজাসহ হাতেনাতে আটক

করা হয়।
আটককৃতদের পৃথক পৃথক মাদক মামলা দিয়ে বিজ্ঞ আদালতে প্রেরণ এর প্রস্তুতি চলছে বলে জানান তিনি।

চুয়াডাঙ্গার নেহালপুরে মানসিক ভারসাম্য প্রতিবন্ধির লাশ উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা থানার বেগমপুরের নেহালপুরে রাজু আহম্মেদ নামের এক মানসিক ভারসাম্যহীন যুবকের লাশ উদ্ধার করেছে দর্শনা থানা পুলিশ। গতকাল বুধবার বেলা ১১ টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলার নেহালপুর পশ্চিমপাড়ার একটি বাঁশ বাগান থেকে তার লাশ উদ্ধার করা হয়।
এসময় তার প্যান্টের পকেট থেকে উদ্ধার করা হয় পলিথিনের প্যাকেটে মোড়ানো ফুরাডান কীটনাশকের বোতল। নিহত রাজু আহম্মেদ (২৪) একই এলাকার দাউদ হোসেন ফকিরের ছেলে।
তার মরদেহ ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠিয়েছে পুলিশ।
স্থানীয় ও পরিবার সুত্রে জানাগেছে,
রাজু আহম্মেদ পেশায় একজন কাঠ মিস্ত্রী। সে একজন মানুষিক ভারসাম্যহীন রোগী। সে প্রায়,প্রায় বাড়ি থেকে নিখোঁজ হয়ে যায় এবং বাড়িও ফিরে আসে। এরই ধারাবাহিকতায় গত মঙ্গলবার বিকালের দিকে নিখোঁজ হয়। এরপর থেকে তার সন্ধান করতে থাকি। সে সারারাত পেরিয়ে গেলেও বাড়িতে না ফেরায় চিন্তায় পড়ে যায়। সকাল ৮টার দিকে বাড়ির সামনে (১০০ গজ দূরে) জলিল মাষ্টারের বাঁশ বাগানের মধ্যে মৃতবস্থায় পড়ে থাকতে দেখতে পায় স্থানীয় লোকজন। এরপর তার বাড়ির লোকজনকে খবর দেওয়া হলে তারা ঘটনাস্থলে পৌছে ছেলের লাশ পড়ে থাকতে দেখে। এরপর থানা পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে পৌছে নিহতর সুরতহাল রিপোর্ট করে ময়না তদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠায়।
রাজুর স্ত্রী রুশিয়া খাতুন জানান, আমার স্বামী আমাকে ভরণপোষণ না দেয়ায় আমি আমার ৩ বছর বয়সী মেয়ে রিয়া খাতুনকে নিয়ে ৪ মাস যাবত

ধরে আমার বাবার বাড়ি দামুড়হুদা উপজেলার ইব্রাহিমপুর গ্রামে বসবাস করি। মাঝে মধ্যে আমার শ্বশুর বাড়ি যায় স্বামীর খোঁজ নিতে। দর্শনা থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) শামসুদ্দোহা বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে যায় এবং রাজু আহম্মেদের লাশ উদ্ধার করি। তার পকেট থেকে উদ্ধার করা হয় পলিথিনের প্যাকেটে মোড়ানো ফুরাডান কীটনাশক। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে রাজু আহম্মেদ আত্মহত্যা করেছে। ময়নাতদন্তের জন্য লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্ত প্রতিবেদন হাতে পেলে প্রকৃত রহস্য জানা যাবে।